# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৫৮৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে কারণে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম সফরে দুই সালাত এক সাথে আদায় করতেন

## ذِكْرُ بَعْضِ الْعِلَّةِ الَّتِي مِنْ أَجْلِهَا جَمَعَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ بَيْنَ الصَّلَاتَيْنِ فِي السفر

আরবী

1589 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ قَالَ: حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ قَالَ: أَخْبَرَنَا النَّضْرُ بْنُ شُمَيْلٍ وَأَبُو عَامِرٍ الْعَقَدِيُّ قَالَا: حَدَّثَنَا قُرَّةُ بْنُ خَالِدٍ السَّدُوسِيُّ قَالَ: حَدَّثَنَا أَبُو الزُّبَيْرِ قَالَ: حَدَّثَنَا أَبُو الطُّفَيْلِ قَالَ: حَدَّثَنَا معاذ بن جبل: إن رسول الله صلى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ جَمَعَ فِي سَفْرَةٍ سَافَرَهَا وَذَلِكَ فِي غَزْوَةٍ بَيْنَ الظُّهْرِ وَالْعَصْرِ وَالْمَغْرِبِ وَالْعِشَاءِ فَقُلْتُ لَهُ: فَمَا حَمَلَهُ عَلَى ذَلِكَ؟ قال: أراد أن لا يُحرج أمته.

الراوي : معاذ بن جبل | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1589 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1089)

বাংলা

১৫৮৯. মু‘আয বিন জাবাল রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর কোন এক সফরে দুই সালাত এক সাথে আদায় করেছেন। এটি হয়েছিল একটি যুদ্ধে, এ সময় তিনি যোহর ও আসর এবং মাগরিব ও ইশা এক সাথে আদায় করেছেন।” অধঃস্তন রাবী বলেন, “আমি বললাম, “এ কাজ করতে তাঁকে কিসে উদ্বুদ্ধ করেছিল?” জবাবে তিনি বলেন, “তাঁর উদ্দেশ্য ছিল, যেন উম্মতের উপর কঠিন না হয়ে যায়। অর্থাৎ উম্মতের উপর সহজতা আরোপ করা।”[1]

ফুটনোট

[1] আত তায়ালিসী: ৫৬৯; সহীহ মুসলিম: ৭০৬; মুসনাদ আহমাদ: ৫/২২৯; তাহাবী, শারহু মা‘আনিল আসার: ১/১৬০; সহীহ ইবনু খুযাইমাহ: ৯৬৬; মুসান্নাফ আব্দুর রাযযাক: ৪৩৯৮; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৪৫৬;

ইবনু মাজাহ:১০৭০; সুনান বাইহাকী: ৩/১৬২; আবূ দাঊদ: ১২০৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ১০৮৯)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ মু'আয বিন জাবাল (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91183

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন